

আলু গোত্রীয় সঙ্গীর (আলু, বেগুন, ট্যামাটো, লক্ষ) ঢলে পড়ে মরে যাওয়ার কারন ও তার প্রতিকার

ক্ষতির লক্ষণ : উপরোক্ত ফসলে গাছ ঢলে পড়ে মরে যায় দুটি কারনের জন্য। প্রথমতঃ ব্যাস্টিরিয়া, দ্বিতীয়তঃ ছত্রাকের আক্রমণে। তৃতীয়তঃ ভাইরাস। যখন গাছে ফুল বা ফল আসতে শুরু করে তখন এই সমস্যা বেশী দেখা দেয়। ছত্রাকের কারনে ঢলে পড়া শুরু হলে, গাছ মরে যেতে শুরু থেকে কমপক্ষে ১২-১৫ দিন সময় লাগে ও গাছের গোড়ার দিক থেকে একটি করে ডাল প্রথমে মরবে ও পরে নতুন অংশে আক্রমণ হবে ও পুরো গাছটাই মরে যাবে। বিভিন্ন ধরনের ছত্রাকের আক্রমণে গাছ মরতে পারে। কিন্তু যদি ব্যাস্টিরিয়ার কারনে ঢলা শুরু হয় তাহলে আক্রান্ত হওয়ার ৩ দিনের মধ্যে পুরো গাছটাই মরে যাবে। ভাইরাসের কারনেও ১০-১২ দিন সময় লাগে, তবে এক্ষেত্রে বাহক অবশ্যই থাকবে।

বোঝার উপায়: ছত্রাকের কারনে ঢলে পড়া শুরু হলে গোড়ায় কালো পচন দেখা যাবে। পরিণত গাছে মাটির সংলগ্ন অংশ কালো বা গাঢ় বাদামী রং ধারন করে। পচন দেখা যায় উপরের ত্বক অংশে, অনেক সময় ছাল খসে পড়ে। শিকড় কালো হয়ে পচে যায় এবং শিকড়ের পরিমাণ বা বিস্তৃতি অনেক কম হয়। কিন্তু যদি ব্যাস্টিরিয়ার কারনে ঢলে পড়া শুরু হলে কোনো দাগ বা পচন দেখা যাবে না, কিন্তু গাছের কোনো ডাল ক্লেড বা ছুরি দিয়ে কেটে, এ কাটা অংশ কাঁচের গ্লাসে বা টেস্ট টিউবে পরিষ্কার জলে ডোবালে কিছুক্ষণ পর সাদা সুতোর মতো পুঁজি বেরিয়ে আসতে দেখা যাবে।

প্রতিকার ব্যবস্থা :

ক) নীরোগ ও পুষ্টি বীজ ব্যবহার করুন।

খ) বীজ ও চারা শোধন জরুরি, বীজ ৫২ ডিগ্রি সে গরম জলে ১০ মিনিট, পরে ১ গ্রাম স্ট্রেপটোসাইক্লিন ১০ লি জলে ও কারবেন্ডাজিম ২ গ্রাম প্রতি লি জলে ১৫ মিনিট ভিজিয়ে তারপর ছায়ায় শুকিয়ে বীজ বপন করা উচিত।

গ) চারা তোলার পরে শিকড়গুলি স্ট্রেপটোসাইক্লিন ও কারবেন্ডাজিমের জলে আধঘন্টা ডুবিয়ে মূল জমিতে লাগান।

ঘ) মূল জমি তৈরির সময় সুপারিশকৃত সারের অর্দেক পরিমাণ জৈব সারের মাধ্যমে প্রয়োগ করতে হবে ও বাকি অর্দেক পরিমাণ রাসায়নিক সার দেওয়া যাবে। নাইট্রোজেন সার ৩ টি ভাগে ভাগ করে যথাক্রমে মূল জমি তৈরীর সময়, লাগানোর ২১-২৫ ও ৪২-৫০ দিন পর প্রয়োগ করতে হবে।

ছত্রাক জনিত:

১) গাছ তুলে ফেলে দিতে হবে

২) গাছের গোড়ায় ক্লোরোথালোনিল ৭৫% ড্রল পি ১.৫-২.০ বা কপার অক্সিক্লোরাইড ৪ গ্রাম প্রতি লি জলে বা ১% বোর্দো মিশন গাছের গোড়ায় ঢালতে হবে।

ব্যাস্টিরিয়া জনিত:

১) গাছ তুলে ফেলা বা উপড়ানো চলবে না

২) আক্রান্ত জমিতে ২-৩ বৎসর আলু, বেগুন, লঞ্চা, টোম্যাটো, তামাক, কলা, পাট, আদা
লাগানো যাবে না, পরিবর্তে শস্যপর্যায়ে ডাল বা তেলবীজ জাতীয় ফসল চাষ করা যেতে পারে।

৩) মূল জমিতে চারা লাগেনোর ২১ -২৫ দিন আগে হেষ্টের প্রতি ৫-৭ কেজি ব্লিচিং পাউডার
ও ১২৫-১৫০ কেজি চুন প্রয়োগ করতে হবে।

৪) গাছ আক্রান্ত হওয়ার পর যত কম স্ন্তব সেচ দিতে হবে ও মাটি না কুপিয়ে আগাছা
পরিষ্কার করতে হবে।

৫) আক্রান্ত গাছের গোড়ায় চারিদিকে ২০:৫:৩:১ অনুপাতে পচা গোবর: খোল: সুপার ফসফেট:
পটাশের মিশ্রণ গাছ প্রতি ২০০-৩০০ গ্রাম হিসাবে ঘিরে দিতে হবে।

ভাইরাস জনিত:

১) গাছ তুলে ফেলে দিতে হবে

২) পোকা দমনের জন্য থায়োমেথোক্সাম ২৫% ডব্লু জি ০.২ গ্রাম বা অ্যাসিটামিপ্রিড ২০% এস
পি ১.০ গ্রাম প্রতি ৫.০ লিটার জলে ব্যবহার করুন।